দৈনিক ইত্তেফাক

তারিখ 12 NOV 1992
পৃষ্ঠা ... ... কলাম ...

# ঢাকা মেডিকেল কলেজে ছাত্রদলের জয়লাভ

ইত্তেফাক রিপোর্ট ।। গতকাল (বুধবার) ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্র সংসদ নির্বাচনে ছাত্রদল মনোনীত সায়েফ ইব্রাহীম পরিষদ ভিপি জিএস সহ ১৭টি পদে ও

(২য় পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ছাত্রদলের জয়লাভ

( ১ম পৃঃ পর )

নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রলীগ (ম-ই) মশিউর-কামরুল পরিষদ ৩টি সম্পাদক পদে জয়লাভ করে। সকাল ৮টা হইতে বেলা ২টা পর্যন্ত ছাত্রছাত্রীরা ভোট প্রদান করেন। মেডিক্যাল কলেজ এলাকায় কড়া নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। কোনপ্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। নির্বাচন কমিশনসূত্রে বলা হয় যে, ৯৯৯ জন ছাত্রছাত্রীর মধ্যে ৮৫ ভাগ ছাত্র-ছাত্রী ভোট প্রদান করে। ছাত্রদল মনোনীত ভিপি পদপ্রার্থী সায়েফ উল্লাহ ৪০৩ ভোট ও জিএস পদপ্রার্থী মোহাম্মদ ইব্রাহীম চৌধুরী ৩৬০ ভোট এবং নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্রলীগ (ম-ই) মনোনীত ভিপি পদপ্রার্থী মশিউর রহমান ৩২৫ ও জিএস কামরুল হাসান মিলন ৩৪৪ ভোট পান। ইহাছাড়া সায়েফ ইব্রাহীম পরিষদের মনোনীত প্রার্থী সমাজ-কল্যাণ সম্পাদক মাজহারুল শাহীন, আপ্যায়ন সম্পাদক এস এম নূরুল মোমিন সাঈদ, কমনরুম সম্পাদক সৈয়দ জাকির হোসেন বিপ্লব ও ১২টি সদস্য পদে জয়লাভ করেন। ছাত্রলীগ (ম-ই) মশিউর-কামরুল পরিষদ মনোনীত প্রার্থী ক্রীড়া সম্পাদক বশির আহমেদ বাদল, লিটারেরী সম্পাদক মুস্তাফিজুল আজিজ জামী ও ক্রীড়া সম্পাদক পদে এস, এম, আলী আহমদ নির্বাচিত হন। নির্বাচন কমিশনার ছিলেন সার্জারী বিভাগের অধ্যাপক আতাই রাব্বি। নির্বাচনে অংশগ্রহণকারী ছাত্রলীগ (বা-কা) মোরতায়েজপলাশ পরিষদ ও ছাত্র ইউনিয়নের আযম-সেলিম পরিষদ একটি পদও পায় নাই।